UNIVERSITY OF KALYANI

CHAPRA GOVERNMENT COLLEGE

NAME : SAKINA KHATUN

SUB : POLITICAL SCIENCE

POL. SCIENCE HONOURS - 1ST SEM. B.A

SESSION : 2022 - 2023

COURSE CODE : HCC-T-1

REG : 1540044

19/01/2023

Q. হেল্ড কে অনুসরণ করে গণতন্ত্রের বিভিন্ন প্রকারভেদ আলোচনা করো।

Ans: গণতন্ত্র (Democracy) শব্দটি দুটি গ্রীক শব্দ 'Demos' এবং 'Kratos' থেকে এসেছে। 'Demos' এর অর্থ জনগণ, এবং 'Kratos' এর অর্থ ক্ষমতা বা শাসন। অর্থাৎ, ব্যুৎপত্তিগত দিক থেকে গণতন্ত্রের অর্থ দাঁড়ায় জনগণের শাসন। সিধে গণতন্ত্র বলতে বোঝায় জনগণের শাসন।

গণতন্ত্রের দুটি অর্থ আছে। একটি সংকীর্ণ অন্যটি বৃহত্তর।

সংকীর্ণ অর্থে, গণতন্ত্র বলতে বোঝায়, একটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা বা সরকারের একটি রূপ। সাধারণত লিংকন এই অর্থে গণতন্ত্রের সংজ্ঞা দিতে গিয়ে বলেছিলেন গণতন্ত্র হলো জনগণের দ্বারা, জনগণের জন্য জনগণের শাসন (Government of the people, by the people, for the people)। অর্থাৎ, যে শাসন ব্যবস্থায় ক্ষমতার উৎস জনগণ, শাসন পরিচালনা করে যেই শাসন ব্যবস্থাকে বলা হয় গণতন্ত্র।

বৃহত্তর অর্থে, গণতন্ত্র বলতে, কতগুলি সামাজিক নীতি বা আদর্শকে বোঝায়। এই আদর্শগুলি হল স্বাধীনতা, সাম্য, ন্যায়বিচার। স্বাধীনতা মানে মূলত ব্যক্তিগত সম্পত্তি অর্জন, ভোগ ও বিক্রয় করার স্বাধীনতা, ব্যক্তিগত স্বাধীনতা, সামাজিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণের স্বাধীনতা, ইত্যাদি। লেফটারের মতে, গণতন্ত্র মানে, ন্যায়, স্বাধীনতা, শৃঙ্খলা, প্রগতি, মুক্তি ও শ্রেষ্ঠত্ব।

ডেভিড হেল্ড বর্ণিত গণতন্ত্রের রূপ:

গণতন্ত্রের প্রাতিরূপ নির্ণয়ের ক্ষেত্রে, সাম্প্রতিককালের লেখকদের মধ্যে ডেভিড হেল্ডের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁর "Models of Democracy" গ্রন্থে চারটি মূলগত প্রাতিরূপের কথা বা ধরনের কথা উল্লেখ করেছেন সেগুলি হল।

i) প্রাচীন এথেন্সের গণতন্ত্রের মূলগত ধারণা।

ii) একটি স্বশাসিত সমাজের প্রজাতান্ত্রিক ধারণা।

iii) উদার গণতন্ত্র।

iv) প্রত্যক্ষ গণতন্ত্রের মার্কসীয় ধারণা।

- তিনি প্রাচীন গ্রিসের স্বল্পায়তন সমাজের প্রজাতন্ত্রকে ধারণার দুটি রূপের কথা উল্লেখ করেছেন।

যথা — (a) সংরক্ষণমূলক প্রজাতন্ত্রবাদ।

(b) উন্নয়নমূলক প্রজাতন্ত্রবাদ।

এইভাবে তিনি উদারনীতিক গণতন্ত্রেরও দুটি রূপের কথা বলেছেন। যথা — (a) সংরক্ষণমূলক গণতন্ত্র।

(b) উন্নয়নমূলক গণতন্ত্র।

☞ অবশ্য ডেভিড হেল্ড মনে করেন, গণতন্ত্রের প্রতিরূপ সমূহ বা ধরণ সমূহকে যুক্তি সংগতভাবে দুটি ভাগে ভাগ করা যায়। এই দুটি ধরণ হল — (i) প্রত্যক্ষ বা অংশগ্রহণমূলক গণতন্ত্র।
(ii) উদারনীতিক বা প্রতিনিধিত্ব মূলক গণতন্ত্র।

গণতন্ত্রের প্রতিরূপ

- প্রাচীন গ্রিসের স্বল্পায়তন সমাজের গণতন্ত্র
- প্রজাতন্ত্রকে ধারণা
  - সংরক্ষণমূলক প্রজাতন্ত্র
  - উন্নয়নমূলক প্রজাতন্ত্র
- উদারগণতন্ত্র
  - সংরক্ষণমূলক গণতন্ত্র
  - উন্নয়নমূলক গণতন্ত্র
- প্রত্যক্ষগণতন্ত্রের মার্কসীয় ধারণা

গণতন্ত্রের রূপ

- প্রত্যক্ষ বা অংশগ্রহণমূলক
- পরোক্ষ গণতন্ত্র বা প্রতিনিধিত্বমূলক

☞ উদারনীতিক গণতন্ত্র :- আধুনিক কালে গণতন্ত্রের প্রতিরূপ সমূহের মধ্যে একটি গুরুত্বপূর্ণ প্রতিরূপ হল উদারনীতিক গণতন্ত্র। উদারনী-

তিনি প্রবক্তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন টমাস হবস্ এবং জন লক। উদারনীতিক গণতন্ত্রের মূলকথা হল - সার্বভৌমের কর্তৃত্ব-বাদের বিরোধিতা এবং, সরকারের ও সমাজের প্রতিষ্ঠানগুলিকে প্রতিযোগিতাকে নীতি হিসেবে স্বাধীনতাকে গুরুত্ব দেওয়া। ডেভিড হেল্ডের মতে, উদারনীতিবাদ কথাটি ব্যবহার করা হয়েছে এই অর্থে যে, এটি স্বেচ্ছাচারের বিরোধিতা, চরমতাবাদী ব্যবস্থার বিরোধীতা, ধর্মীয় সহিষ্ণুতা, পরিষদের স্বাধীনতা, নিয়মতান্ত্রিক রাষ্ট্র, ব্যক্তিগত সম্পত্তি, রাজনৈতিক ও পৌর অধিকার, ব্যক্তিগত স্বাধীনতা, সাম্য, ন্যায় ও প্রতিযোগিতা মূলক বাজার অর্থনীতির স্বপক্ষে জোরদার হয়ে ওঠে।

হেল্ড এর দুটি ধরনের কথা বলেছেন। এগুলি হল —

(i) সংরক্ষণমূলক গণতন্ত্র :-

বেন্থাম, মিল, মন্টেস্কু প্রমুখ কর্তৃক প্রচারিত গণতন্ত্র হল - সংরক্ষণমূলক গণতন্ত্রের ধারণা। সংরক্ষণ-মূলক গণতন্ত্রের মূলকথা হল — জনগণকে রক্ষা করা, জন-সাধারণের স্বার্থ, স্বাধীনতা, ও অধিকার রক্ষা করা। ডেভিড হেল্ড সংরক্ষণমূলক গণতন্ত্রের যে বৈশিষ্ট্যের কথা বলেছেন সেগুলি হল —

(a) সার্বভৌমিকতার চূড়ান্ত ভার জনগণের মধ্যে নিহিত কিন্তু, তা সেগুলো প্রতিনিধিদের উপর ন্যস্ত তারা আইনসংগতভাবে রাষ্ট্রের ক্ষমতা সমূহকে ব্যবহার করেন।

(b) নিয়মিত নির্বাচন, গোপন ভোটদান, দল সমূহের মধ্যে প্রতিযোগিতা, সংখ্যা গরিষ্ঠের শাসন, শাসকের দায়বদ্ধতা প্রভৃতি হল এর ভিত্তি।

(c) রাষ্ট্রের আইনের অনুশাসন থাকবে এবং ক্ষমতা সর-কারের তিনটি বিভাগের মধ্যে ভাগ করা থাকবে।

(d) জনগণের স্বাধীনতা, আইনের চোখে সমতা, মত প্রকাশের অধিকার, ধর্মীয় অধিকার প্রভৃতি অধিকারের সংবিধানিক স্বীকৃতি।

(e) সংরক্ষণমূলক গণতন্ত্রের অন্যতম মুখ্য বৈশিষ্ট্য হল - রাষ্ট্র থেকে পৌরসমাজের পৃথকীকরণ।

i) প্রতিযোগী - ক্রমতরঙ্গের সমূহ এবং শ্রমজীবী শ্রেণীর অধিকার সংরক্ষণ
ii) উৎপাদনের উপায় সমূহের ব্যক্তিগত মালিকানার।
iii) প্রতিযোগিতামূলক বাজার অর্থনীতি।
iv) পুঁজিবাদকে সমর্থন।
v) জাতীয় রাষ্ট্রের প্রয়োজনীয় হস্তক্ষেপ স্বীকার।

vi) উদারনীতিক গণতন্ত্র :- উদারনৈতিক গণতন্ত্রের অন্যতম প্রধান প্রতিরূপটি হল - বিকাশমূলক গণতন্ত্র বা উন্নয়নমূলক গণতন্ত্র। জন স্টুয়ার্ট মিল হলেন এই গণতন্ত্রের এক সুপরিচিত প্রবক্তা। মিলের মতে, এই গণতন্ত্র ব্যক্তির নৈতিক অগ্রগতিকে ঘটিয়ে থাকে। উদারনৈতিক গণতন্ত্র বা প্রতিনিধিত্বমূলক সরকারের প্রয়োজন শুধুমাত্র ব্যক্তির সার্বভৌম নিয়ন্ত্রণের জন্য নয় বরং ব্যক্তিত্বের অর্থপূর্ণ ও সার্থক বিকাশের জন্য এর প্রয়োজন রয়েছে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণের মধ্যে দিয়ে মানুষ এক সচেতন ও বিকশিত নাগরিকে পরিণত হয়। এই কারণে ব্যবস্থার মধ্যে দিয়ে সামাজিক যুক্তিবোধের চর্চা ও নৈতিক বিকাশ সম্ভব হয়। এর ফলে, এক প্রতিশীল বিকশিত রাজনৈতিক ব্যবস্থার উদ্ভব ঘটে।

অংশগ্রহণমূলক গণতন্ত্র (participatory Democracy) :- ডেভিড হেল্ড উদারনৈতিক গণতান্ত্রিক প্রতিরূপ ও তার অন্তর্গত সংরক্ষণমূলক ও বিকাশমূলক দুটি প্রতিরূপের কথা বলেও তার একটি প্রতিরূপের কথা উল্লেখ করেছেন। তার মতে গণতন্ত্রের এই প্রতিরূপটি হল অংশগ্রহণমূলক প্রতিরূপ। গণতন্ত্র ও স্বাধীনতার প্রসঙ্গকে এখানে উদারনৈতিক গণতন্ত্রের দৃষ্টিকোণ থেকে ভিন্নতর দৃষ্টিতে দেখা হয়েছে। এতে গণতান্ত্রিক প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণের বিষয়টির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

আধুনিক কালে, অংশগ্রহণমূলক গণতন্ত্রের ধারণাকে সুপরিচিত করার ক্ষেত্রে নব্য বাম বা New Left এর বিশেষ অবদান রয়েছে। নব্য বাম হল এক বিশেষ বামপন্থী মতাদর্শ। দর্শনে বলা হয়েছে : "পুঁজিবাদী সমাজে

ব্যবস্থার সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে, প্রচলিত জীবনধারা, নৈতিক মূল্যবোধ এবং আদর্শের বিরুদ্ধে সাতি বুর্জোয়া ছাত্র ও বুদ্ধিজীবীদের মধ্যে যে প্রতিবাদী আন্দোলনের প্রকাশ ঘটে তাকে নব বাম আন্দোলনের বলে পরিচিত হয়।"

ডেভিড হেল্ডের মতে নব্য বামেদের মধ্যে দুজন বিশিষ্ট চিন্তাবিদের দ্বারা অংশগ্রহণমূলক গণতন্ত্রের ধারণা বিশ্লেষণে বিশেষিত হয়েছে। এরা হলেন ক্যারল প্যাটম্যান (carole pateman) এবং সি. বি. ম্যাকফারসন (C.B. macpherson)। এই দুই চিন্তাবিদের চিন্তাভাবনা সকল বিষয়ে অভিন্ন নয়। কিন্তু তাদের বক্তব্য ও অবস্থানের লক্ষ করা যায়। তাই ডেভিড হেল্ড বলেছেন, "Together, they represent a model of democracy which I shall simply refer to as participatory democracy" 17.

অংশগ্রহণমূলক গণতন্ত্র :- সংখ্যাগরিষ্ঠের শাসন, নাগরিকের আর্থিক ও রাজনৈতিক স্বাধীনতা, আইনের শাসন, ব্যক্তির ও সমষ্টির ক্ষেত্রে ন্যূনতম রাষ্ট্রীয় হস্তক্ষেপ, মুক্তবাজার ব্যবস্থা এই গণতন্ত্রের মুখ্য বৈশিষ্ট্য। হায়েক ও নজিক হলেন এর অন্যতম প্রচারক।

বহুত্ববাদী গণতন্ত্র :- সংখ্যালঘুর স্বাধীনতা ও শাসন, প্রতিযোগিতামূলক নির্বাচন, ভারসাম্যের নীতি, স্বার্থ গোষ্ঠীর প্রভাব এ ব্যবস্থার বৈশিষ্ট্য। ম্যাডিসন, টুম্যান, ডাহল এই মডেলের মুখ্য প্রচারক।

প্রত্যক্ষ গণতন্ত্র :- এই গণতন্ত্রের মূলকথা হল, সকলের স্বাধীনতা বিকাশ। শোষণের অবসান, অর্থনৈতিক ও রাজনৈতিক সমতা, সিদ্ধান্তে ঐক্যমত, সংঘ পরিচালিত নীতি ও বিকীভূত ব্যবস্থার উৎপাত করা। এক্ষেত্রে জনগণের প্রত্যক্ষ ভূমিকা অবশ্যকার্য।

প্রতিযোগিতামূলক প্রভাবশালী গণতন্ত্র :- এখানে শাসনের ক্ষেত্রে দক্ষ কেন্দ্রীয় প্রভাবশালী ব্যক্তি দ্বারা ব্যবস্থার করা হয় এবং নেতৃত্ব ক্ষেত্রে অধিকাংশকে বর্জনের কথা বলা হয়। জাতি

ভারতীয় সংবিধান বিশেষজ্ঞ সহ পার্লামেন্টারি গণতন্ত্র, কেন্দ্রের কেন্দ্রীকরণ, গণতন্ত্র এ ব্যবস্থার মূল বৈশিষ্ট্য। কেন্দ্রের সুবিধাদির ও ব্যয়ের উপর বিধি নীতির সম্পর্কে।

উপসংহার :- উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে আমরা বলতে পারি যে গণপরিষদে ভারতের কেবলমাত্র প্রতিনিধি হলে খুব সুন্দর ভাবে উপস্থিত ছিলেন এবং নারীদের অধিকার নিয়ে সচেতন ছিলেন। পার্লামেন্টারি ব্যবস্থা, সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধির প্রতিনিধিত্বমূলক দল ব্যবস্থা, নারীদের অধিকার সুরক্ষার বিচার বিভাগ, কেন্দ্র ও আঞ্চলিক প্রশাসনিক ব্যবস্থা ইত্যাদি গণতন্ত্রের মূল্য বৈশিষ্ট্য কথা উল্লেখ হয়েছে।